International Organization for Migration (IOM)
আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম)

মানব পাচার বিষয়ক ভিডিও সেশন পরিচালনা সম্বন্ধীয় নির্দেশিকা

উদ্দেশ্য:

এই নির্দেশিকা মাঠ পর্যায়ে কার্যকর ও সুনিপুনভাবে সেশন পরিচালনার মাধ্যমে কিভাবে সেশনকে অধিকতর মিথস্ক্রিয়ামূলক/ইন্টারেক্টিভ করা যায় এবং মানব পাচার প্রতিরোধ বিষয়ক তথ্য প্রচারের ক্ষেত্রে ভিডিও এনিমেশন ব্যবহার করা যায় সে সম্পর্কে সহায়ককারীকে ধারনা পেতে সাহায্য করবে।

প্রত্যাশিত ফলাফল:

- কোভিডসহ যেকোন ধরনের সংকটের সময় এবং পরে মানব পাচার সংঘটিত হওয়ার যে ঝুঁকি থাকে সে সম্পর্কে রোহিঙ্গা এবং হোস্ট কমিউনিটি জনগোষ্ঠির মধ্যে জ্ঞান বৃদ্ধি করা যায়।
- কোন প্রস্তাব আসলে কিভাবে সাড়া দিতে হবে এবং কি ব্যবস্থা নিতে হবে সে সম্পর্কে জানা।
- মানব পাচারের কি কি সম্ভাব্য ঝুঁকি থাকতে পারে এবং সম্ভাব্য পরিনতিসমূহ সম্পর্কে মূল বার্তা প্রদান করা।
- মানব পাচার প্রতিরোধে আচরন পরিবর্তন সমূহ সম্পর্কে ধারনা প্রদান ।
- হট লাইন নাম্বার ব্যবহার করে বিভিন্ন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে মানব পাচারের কেইস রেফার করা।

পরিধি:

আইওএম কর্তৃক নির্মিত এই ভিডিও এনিমেশনটি মানব পাচারের সম্ভাব্য ঝুঁকিসমূহ, প্রবনতা এবং পরিনতি সম্পর্কে গুরুত্বপূর্ণ বার্তা প্রদানের মাধ্যমে রোহিঙ্গা ও হোস্ট কমিউনিটির জনগোষ্ঠিদের মধ্যে মানব পাচার সম্পর্কে জ্ঞান বৃদ্ধিতে সহায়তা করবে।

সহায়ককারীদের জন্য মৌলিক নির্দেশিকা:

সেশনের নাম	মানব পাচার প্রতিরোধ মূলক/সচেতনতা মূলক সেশন
উপকরণ	মানব পাচার প্রতিরোধ বিষয়ক ভিডিও এনিমেশন
লক্ষ্যস্থিত অংশগ্রহনকারী	রোহিঙ্গা এবং হোস্ট কমিউনিটি জনগোষ্ঠি - নারী, পুরুষ, ছেলে ও মেয়ে
আনুসাঙ্গিক রসদসমূহ	প্রজেক্টর, স্ক্রীন, সাউন্ড সিস্টেম ও স্থান
সেশনের সময়সীমা	১.৩০ ঘন্টা
অংশগ্রহনকারীর সংখ্যা	ভেনুর উপর ভিত্তিকরে প্রত্যেক সেশনে ১০-১২ জন
ভাষা	বাংলা এবং স্থানীয় ভাষা
পদ্ধতি	প্রজেক্টরের মাধ্যমে ভিডিও এনিমেশন প্রদর্শন এবং লেকচারের মাধ্যমে ইন্টারেক্টিভ সেশন পরিচালনা
সেশন মূল্যায়ন এবং ফিডব্যাক	Satisfaction Survey tools ব্যবহার করা হবে।

ফ্যাসিলিটেশনের ধাপসমূহ:

ক্র/নং	সেশন ফ্যাসিলিটেট করার সময় ধাপসমূহ অনুসরন করতে হবে	সময়	পদ্ধতি
১	শুভেচ্ছা ও সেশনের উদ্দেশ্য বর্ননা করা	১০ মিনিট	অংশগ্রহন মূলক
২	নাম লিখে খেলা: অংশগ্রহনকারীদের পরিচিতি এবং আইস ব্রেকিং করবে	১০ মিনিট	অংশগ্রহন মূলক

৩	দলীয় অঙ্গীকার	০৫ মিনিট	অংশগ্রহন মূলক
৪	ভিডিও এনিমেশন প্রদর্শন	১০ মিনিট	অংশগ্রহন মূলক
৫	উন্মুক্ত আলোচনা	১০ মিনিট	অংশগ্রহন মূলক
৬	কমিউনিটির ভুমিকা	০৫ মিনিট	অংশগ্রহন মূলক
৭	রেফারেল সম্পর্কে আলোচনা	১০ মিনিট	অংশগ্রহন মূলক
৮	Satisfaction survey tools ব্যবহার করা/ Feedback		

সহায়তাকারীর জন্য প্রস্তুতিমূলক নির্দেশনা:

- সহায়তাকারীর অবশ্যই মানব পাচার প্রতিরোধ বিষয়ে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং এ বিষয়ে তার প্রাক পরিচিতি থাকতে হবে ।
- মানব পাচারের উপাদান সম্পর্কে বুঝতে এবং সেশন পরিচালনার জন্য সেশন পরিচালনার পূর্বে ভিডিও এনিমেশন দেখে গল্পের তিনটি চরিত্র সম্পর্কে ভালভাবে পরিচিতি হতে হবে ।
- প্রত্যাশিত ফলাফল গুলো সম্পর্কে বুঝতে হবে ।
- একটি ভালো স্থান নির্বাচন করুন যেখানে শব্দ কম, যতদুর সম্ভব যেখানে কম আলো আছে।
- ১০-১২ জন লক্ষ্যস্থিত সুবিধাভোগী/অংশগ্রহনকারী নির্বাচন করুন, U-আকৃতি করে বসার ব্যবস্থা করুন ।
- লিঙ্গ সংবেদনশীলতা বজায় রাখতে নারী ও পুরুষদের জন্য আলাদাভাবে সেশন আয়োজন করুন।
- নারী দলের জন্য নারী সহায়তাকারী নির্বাচন করুন।

নিম্মোক্ত ধাপসমূহ অনুসরন করে সেশন আরম্ভ করুন:

ধাপ-১: শুভেচ্ছা বক্তব্য ও সেশনের উদ্দেশ্য বর্ননা (১০ মিনিট): নিজের পরিচয় দিন, সেশনে অংশগ্রহনকারীদেরকে স্বাগত জানান এবং সেশনের উদ্দেশ্যসমূহ বলুন।

ধাপ-২: আইস ব্রেকিং ও পরিচিতির পর্ব (১০ মিনিট): সহায়তাকারীগণ ও অংশগ্রহনকারীগণ বাস্তবে একে অপরকে পূর্ব থেকে না জানতে পারেন, এক্ষেত্রে আইস ব্রেকিং পদ্ধতি অনুসরন করে পারস্পরিক পরিচিতির মাধ্যমে একটি অনুকুল পরিবেশ সৃষ্টি করে নিম্মোক্ত পদ্ধতি অনুসরন করে ভিডিও সেশনে মনোযোগ সৃষ্টি করা।

<table>
<tr><td>নাম দিয়ে খেলা</td><td rowspan="4">নির্দেশনা:
অংশগ্রহনকারীদের নিয়ে গোল হয়ে দাঁড়ান ।
তাদেরকে বলুন যখন মিউজিক বাজবে তারা যেন এক অন্যকে বল ছোড়েন।
১ম পাঠ: যখন গান/মিউজিক বন্ধ হয়ে যাবে যে অংশগ্রহনকারীর হাতে বল থাকবে তাকে পরিচয় দিতে হবে (নাম,বয়স ও প্রিয় খাদ্য)।
সকল অংশগ্রহনকারীর পরিচয় দেওয়া শেষ হলে, ২য় পর্বের জন্য নির্দের্শনা প্রদান করুন ।
২য় পাঠ: অংশগ্রহনকারীরা একে অন্যকে বল ছোঁড়া ছুড়ি করতে থাকবেন গান/ মিউজিক বন্ধ হলে যার হাতে বল থাকবে তাকে অন্য একজন অংশগ্রহনকারীর নাম, বয়স এবং প্রিয় খাবারের বিষয়ে বলতে হবে ।</td></tr>
<tr><td>ধরন: আইস ব্রেকিং</td></tr>
<tr><td>উপকরণ: একটি ছোট বল ও মিউজিক (মোবাইল) ব্যবহার করে, যদি থাকে</td></tr>
<tr><td>সময়: ১০ মিনিট</td></tr>
</table>

International Organization for Migration (IOM)
আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম)

৩. দলীয় অঙ্গীকার (১০ মিনিট): অংশগ্রহনকারীদেরকে বলুন যে আপনারা কিছু বিষয়ে সবাই একমত হবেন যেগুলো ভিডিও এনিমেশন প্রদর্শনের সময় এবং পরে একজন অন্যজনের মধ্যে আরো বেশি সহযোগিতা ও যোগাযোগ বৃদ্ধি করার ক্ষেত্রে সহযোগিতা করবে।

দয়া করে অংশগ্রহনকারীদেরকে দলীয় আলোচনা করার বিষয়ে মনে করিয়ে দিন।

- কোন সঠিক কিংবা ভুল উত্তর নেই এবং প্রত্যেকের মতামত গুরুত্বপূর্ণ (অংশগ্রহনকারীদের পুর্বের বোঝার ক্ষমতা/জ্ঞানের পরিধি মাপার জন্য তাদের দেওয়া উত্তরগুলো লিখে রাখুন যা সেশন শেষ হওয়ার পর তাদের কতটুকু অগ্রগতি হয়েছে তা জানার জন্য সাহায্য করবে)
- সেশনে যে বিষয়গুলো শেয়ার করা হয়েছে তার গোপনীয়তা সমস্ত দলীয় কথপোকথন দলের মধ্যে সীমাবদ্ধ রাখবো। ভিডিও প্রদর্শনের পর যদি কোন মানব পাচার সংশ্লিষ্ট কোন কেইস শেয়ার অথবা রেফার করা প্রয়োজন হলে শুধুমাত্র সহায়ককারী অথবা সুনির্দিষ্ট ব্যক্তি অথবা আইওএম অথবা ইউএনএইচসিআর এর হট লাইন- এর মাধ্যমে জানাবেন। কোন ব্যক্তির নাম অথবা প্রাপ্ত তথ্য আলোচনা চলাকালীন সময়ে উল্লেখ না করার উপর গুরুত্ব দিতে হবে যাতে উক্ত ব্যক্তির কোন ক্ষতি না হয়।

৪. ভিডিও এনিমেশন প্রদর্শন (১০ মিনিট):

- দলীয় অঙ্গীকার করার পর প্রত্যেকে (ইউ) আকৃতি অথবা যেখানে যেটা যথোপযুক্তভাবে বসবেন, এবং নিশ্চিত করুন যে অংশগ্রহনকারীরা প্রত্যেকে ভিডিও এনিমেশন পরিস্কারভাবে দেখতে পারছেন।
- ভিডিও প্রদর্শনের পর অংশগ্রহনকারীদেরকে এই ভিডিওটি দেখে কি বুঝেছে তা মনে করতে বলুন। মানব পাচারের সম্ভাব্য ঝুঁকিগুলো এবং কি পরিনতি হয়েছিল তা আলোচনা করতে বলুন।
- সহায়ককারী প্রজেক্টর ও সাউন্ড সিস্টেম ব্যবহার করে শুরু থেকে শেষ অবধি ভিডিওটি প্রদর্শন করুন ।
- ভিডিও এনিমেশনটি মনোযোগ সহকারে দেখার জন্য উৎসাহ প্রদান করুন।

৫. উন্মুক্ত আলোচনার জন্য নির্দেশনাবলী:

➢ ভিডিও এনিমেশনটি দেখার পর সহায়ককারী অংশগ্রহনকারীদেরকে উন্মুক্ত আলোচনায় অংশ নিতে উৎসাহ দিবেন যাতে তারা মানব পাচার প্রতিরোধ, ঝুঁকি এবং পরিনতিসমূহ সম্পর্কে তাদের ধারনা/জ্ঞান শেয়ার করতে পারেন।

➢ সহায়ককারী অংশগ্রহনকারীদের সাথে মানব পাচার প্রতিরোধ, ঝুঁকি এবং পরিনতিসমূহ নিয়ে আলোচনা করবেন তবে অংশগ্রহনকারীরা যে উত্তরগুলো দিবেন সেগুলো সঠিক বা ভুল হয়েছে সে সর্ম্পকে কোন মতামত দিবেন না।

আইনি কাঠামো অনুসারে মানব পাচারের সংজ্ঞা (সহায়ককারীর জন্য পথ নির্দেশক):

*পেলেরমো প্রোটকল-*এ বলা হয়েছে শোষণের জন্য কোন ব্যক্তিকে ভয়ভীতি প্রদর্শন করে শক্তির ব্যবহারের মাধ্যমে বা অন্যান্য ধরনের জোর জবরদস্তিমূলক উপায়ে অপহরণ করে অথবা প্রতারণা কিংবা প্রবঞ্চনা করে অসহায়ত্বের সুযোগ কাজে লাগিয়ে অথবা উক্ত ব্যক্তির উপর নিয়ন্ত্রণ আছে এমন ব্যক্তির সম্মতি গ্রহণের উদ্দেশ্যে কোন প্রকার নগদ প্রদান বা সুবিধা গ্রহন করা।

মানব পাচার প্রতিরোধ ও দমন আইন-২০১২ অনুযায়ী মানব পাচারের সংজ্ঞার:
মানব পাচার বলতে বুঝায়, কোন ব্যক্তিকে দেশের অভ্যন্তরে বা বাইরে হুমকি প্রদর্শন অথবা শক্তি ব্যবহার অথবা প্রতারনা অথবা আর্থসামাজিক অথবা পারিপার্শ্বিক অথবা অন্য যে কোন অসহায়ত্ব অথবা উক্ত ব্যাক্তির সম্মতি গ্রহনের উদ্দেশ্যে কোন প্রকার নগদ অর্থ প্রদান বা সুবিধা গ্রহন করে ক্রয় বা বিক্রয় সংগ্রহ বা গ্রহন,বিতাড়িত অথবা স্থানান্তর,প্রেরন অথবা বন্দি অথবা আশ্রয়দানের মাধ্যমে কোন ব্যাক্তিকে যৌন শোষণ অথবা নিপীড়ন,শ্রম শোষণ অথবা অন্য কোন ধরনের শোষণ অথবা নিপীড়ন করা।

International Organization for Migration (IOM)
আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম)

- সহায়ককারী তিনজন অংশগ্রহনকারীকে গল্প তিনটিকে সংক্ষেপ বর্ননা করতে বলবেন (সর্বোচ্চ ৩-৪ মিনিট প্রত্যেকজন) [অংশগ্রহনকারীদেরকে আলোচ্য বিষয়ে তাদের নিজস্ব চিন্তা প্রকাশের সুযোগ দিন,গল্পের ধারাবাহিকতা বাদ পড়লে সেক্ষেত্রে সহায়ককারী অংশগ্রহন করবেন ।]

তাদের জিজ্ঞাসা করুন

- **আপনি কি মনে করেন পাচাকারীরা সারভাইভারদেরকে মিথ্যা অঙ্গীকার করেছিল?**
  প্রয়োজন পড়লে ভিডিও টি চালিয়ে অঙ্গীকার দেখাতে পারেন (০:১০-১:১৩)
- **কোন বিষয়টি তিনটি গল্পের মধ্যে-ই আছে বলে আপনি মনে করেন (চাকরীর অফার/মিথ্যা শপথ/শোষণ)**
  অংশগ্রহনকারীকে এই বিষয়ে ভাবতে এবং তাদের ধারনা প্রকাশ করতে দিন । সহায়ককারী এই বিষয়টি ভালোভাবে পরিস্কার করে বলবেন যে মানব পাচার কেইস/ক্ষেত্রে অপরাধীরা পাচারের প্রক্রিয়ায় ফেলানোর জন্য একজন ব্যক্তির কাছে সবসময় মিথ্যা আকর্ষনীয় অফার এবং অঙ্গীকার নিয়ে হাজির হয় ।

- **চাকুরীর অফার:** একটি চাকুরীর অফার হলো একজন সম্ভাব্য চাকুরী প্রত্যাশি ব্যাক্তির কাছে একটি সুনির্দিষ্ট পদে কোন একটি প্রতিষ্ঠানে দৈনিক অথবা চাকুরীদাতা ও চাকুরী প্রত্যাশি উভয়পক্ষের সম্মতিতে একটি সুনির্দিষ্ট বেতন ভিত্তিক কাজ করার আমন্ত্রন ।
- **প্রবঞ্চনা:** প্রবঞ্চনা হলো কোন ব্যক্তি কর্তৃক অন্য কোন ব্যক্তিকে চাকুরীর অফার দিয়ে অথবা কোন কিছুর শপথ করে উক্ত ব্যক্তিকে কোন একটি খারাপ পরিস্থিতে ফেলানো যা প্রতারকরা ইচ্ছাকৃতভাবে অঙ্গীকার ভঙ্গের মাধ্যমে করে থাকে ।
- **শোষণ:** কোন ব্যক্তিকে জবরদস্তির মাধ্যমে পতিতাবৃত্তি, যৌন শোষণ, জোর জবরদস্তিরমূলক শ্রম অথবা সেবাকার্য অথবা দাসত্ব অথবা সেবা দাসত্বের মত কার্যক্রম অথবা কোন ধরনের লাভের জন্য কারো শরীরের অঙ্গ অপসারন করতে বাধ্য করা ।

এই ভিডিও এনিমেশন এ কোন কোন ধরনের উপাদান দেখতে পেয়েছেন?

[অংশগ্রহনকারীদেরকে তাদের নিজস্ব চিন্তা ভাবনাগুলো প্রকাশ করতে দিন । আলোচ্য বিষয়ের উপর ভিত্তি করে সহায়তাকারী ব্যাখ্যা করবেন - মানব পাচার কি? মানব পাচারের কোন কোন উপাদান/ধাপগুলোর অনুসৃত হয় ।]

International Organization for Migration (IOM)
আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম)

কাজ	BY মাধ্যম	শোষণ
কি? • *সংগ্রহ অথবা* • *পরিবহন অথবা* • *স্থানান্তর অথবা* • *আশ্রয়দান অথবা* • *গ্রহন*	*কিভাবে ?* • *শক্তি প্রয়োগ/ব্যবহারে হুমকি* • *শক্তি প্রয়োগ* • *অন্যান্য ধরনের জবরদস্তি অথবা* • *অপহরন অথবা* • *প্রতারনা অথবা* • *ক্ষমতার অপব্যবহার অথবা* • *অসহায়ত্বের অপব্যবহার অথবা* • *যে কোন অসহায়ত্ব অথবা উক্ত ব্যক্তির সম্মতি গ্রহনের উদ্দেশ্যে কোন প্রকার নগদ অর্থ প্রদান বা সুবিধা গ্রহন করে*	FOR *কি জন্যে ?* *নুন্যতম পক্ষে* • *যৌন কর্মে নিয়োগের মাধ্যমে শোষণ অথবা* • *অন্যান্য ধরনের যৌন শোষণ অথবা* • *বলপূর্বক শ্রম অথবা সেবা কর্মে নিয়োগ অথবা* • *দাসত্ব অথবা* • *অঙ্গহানি*

- **চরিত্রে ব্যক্তির প্রকৃত কাজ ভিডিও এনিমেশনে যাদেরকে দেখানো হয়েছে তাদের প্রকৃত কাজ ও কাজের পরিবেশ কেমন ছিল?**
  (অংশগ্রহনকারীদেরকে চিন্তা করতে দিন এবং তাদের ভাবনাগুলো প্রকাশ করতে দিন। সহায়ককারী দৃশ্যপটটি বিস্তারিতভাবে ব্যাখ্যা করে বলবেন যে প্রকৃত কাজ অথবা কাজের পরিবেশ অথবা কাজের পরিমান পাচারকারী যেভাবে শপথ করে বলেছিলেন তার থেকে বিস্তরভাবে আলাদা ভিন্ন ছিল।)

- **গল্পের বর্ননানুযায়ী পাচারকৃত ব্যক্তির কি কি পরিনতি হতে পারে?**
  (অংশগ্রহনকারীদেরকে চিন্তা করতে ও তাদের ভাবনাগুলো প্রকাশ করতে দিন। কি কি সম্ভাব্য ঘটনা যেমন জোর করে কাজে নিয়োজিত করা, দীর্ঘ ঘন্টাব্যাপি কাজ করানো, কোন বেতন না দেওয়া/স্বল্প বেতন প্রদান, শারীরিক ও মানসিকভাবে অত্যাচার করা, চলাফেরার বাধা প্রদান, মোবাইল ফোন ব্যবহার করতে না দেওয়া, পরিচয় পত্র নিয়ে ফেলা, অন্যান্য অপরাধমূলক কার্যক্রমে যুক্ত করা (মানব চোরাচালান, মাদক পাচার, অন্যান্য ধরনের অপরাধমূলক কার্যক্রম, ছোট খাটো অপরাধ) গুরুত্বসহকারে বলুন যে এই পরিস্থিতি প্রতিরোধ করা উত্তম, যেহেতু এই পরিস্থিতি থেকে বেরিয়ে আনা অনেক কঠিন, এবং পরিনতিগুলো অনেক বেশি মারাত্বক হতে পারে (গল্পগুলো থেকে উদাহরন ব্যবহার করুন মানব পাচারের শিকার ব্যক্তির উপর এর প্রভাব সম্পর্কে আলোচনা করুন)]

- **এই তিনটি গল্পে মানব পাচারের পরিনতি গুলোর কোন কোন ঝুঁকির কথা উল্লেখ আছে?**
  (অংশগ্রহনকারীদেরকে চিন্তা করতে ও তাদের ভাবনাগুলো প্রকাশ করতে দিন। আলোচনায় যদি কিছু বাদ পড়ে থাকে সেক্ষেত্রে সহায়ককারী সেগুলো যোগ করবেন।) ঝুঁকি: জোরপূর্বক দীর্ঘ সময় - মধ্য রাত এমনকি সারা দিন ও রাত কাজ করানো, ঘরের বাইর থেকে তালা মেরে রাখা, ক্ষুধার্ত রাখা (কোন খাবার না দেওয়া),শরীরিরে আঘাত করা, বেতন না দেওয়া, শ্রম ও যৌন শোষণ এমনকি মারাত্বক ঝুঁকিপূর্ন কাজও অন্তর্ভুক্ত।

International Organization for Migration (IOM)
আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম)

৬. কমিউনিটির জন্য দায়িত্ব

- **আপনি কি আপনার কমিউনিটিতে একই ধরনের ঘটনা ঘটতে/দেখতে পান?**

(অংশগ্রহনকারীদেরকে চিন্তা করতে ও তাদের ভাবনা গুলো প্রকাশ করতে দিন। তাদেরকে মানব পাচার,শোষণ এবং অত্যাচার এর ধারনা গুলো মনে করতে সাহায্য করুন, এই অবস্থায় যাতে কারো নাম উল্লেখ করা না হয় তা নিশ্চিত করুন । *অংশগ্রহনকারীদেরকে জিজ্ঞাসা করুন পাচারকারীরা কোন কোন পন্থা অবলম্বন করে ভিকটিমদেরকে এই পরিস্থিতি পড়তে প্রলুব্দ করে ।*

- **আপনার কমিউনিটিতে কারা বেশি মানব পাচারের ঝুঁকিতে আছে বলে আপনার মনে হয়? কেন?**

  [অংশগ্রহনকারীদেরকে চিন্তা করতে ও তাদের ভাবনাগুলো প্রকাশ করতে দিন। মানব পাচার,শোষণ এবং অত্যাচারের বিষয়ে ধারনা দিন, যাতে কারো নাম এখানে উল্লেখ করা না হয় তা নিশ্চিত করুন ।]

- **মানব পাচার থেকে নিরাপদ থাকতে আমাদের কি করা দরকার?**

  [(অংশগ্রহনকারীদেরকে চিন্তা করতে ও তাদের ভাবনাগুলো প্রকাশ করতে দিন) নিজেদের কমিউনিটিতে মানব পাচার প্রতিরোধের জন্য অংশগ্রহনকারী কি ভুমিকা পালন করা উচিত তা অনুধাবন করতে দিন। কমিউনিটিতে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সেশন পরিচালনা করা, আপনার শিশু আত্নীয় স্বজন এবং সমাজের যত্ন নেওয়া, স্বনির্ভর দল গঠন করা। মানব পাচার প্রতিরোধে কমিটির সদস্য,মাঝি,ধর্মীয় নেতা, সমাজ নেতৃবৃন্দের তথ্য প্রদান, আইওএম-এর হট লাইন ব্যবহার করে সম্ভাব্য মানব পাচারের ঘটনার বিষয়ে তথ্য প্রদান করা, সকল ধরনের গোপনীয় লেনদেন থেকে বিরত থাকুন, যদি কোন অফার আসে যাচাই করুন এবং আপনার পরিবারের অন্যান্য সদস্যদের সাথে শেয়ার করুন। যতদুর সম্ভব এ ব্যপারে তথ্য সংগ্রহ করুন এবং সম্ভাব্য মানব পাচার সম্পর্কে সতর্ক থাকুন ।]

- **যদি কোন মানব পাচারের ঘটনা ঘটে থাকে বা এমনটা মনে হলে কোথায় রিপোর্ট করবেন?**

  [(অংশগ্রহনকারীদেরকে চিন্তা করতে ও তাদের ভাবনাগুলো প্রকাশ করতে দিন। তাদেরকে মানব পাচার প্রতিরোধে যেসমস্ত সুরক্ষা প্রদানকারী প্রতিষ্ঠান (একটর) এবং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ক্যাম্পে ও হোস্ট কমিউনিটিতে কাজ করে সে সম্পর্কে তথ্য দিন যেমন ইয়ং পাওয়ার ইন সোস্যাল একশন (ইপসা), বাংলাদেশ মহিলা আইনজীবি সংস্থা (বিএনডব্লিউএলএ), আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম), আপনার কমিউনিটির ইউনিয়ন চেয়ারম্যান ও মেম্বারগণ । অংশগ্রহনকারীরা তথ্য প্রদান কিংবা কোন অভিযোগ করার ক্ষেত্রে যেন স্বস্তি বোধ করে তাদেরকে এটা নিশ্চিত করে বলুন যে যেসমস্ত তথ্যসমূহ এখানে শেয়ার করা হয়েছে তথ্য প্রদানকারীর পরিচয় কঠোরভাবে গোপন রাখা হবে ।]

- **আপনার কমিউনিটিতে বা এলাকায় মানব পাচার সংঘটিত হলে আপনার কোন কোন বিষয়গুলো মনে রাখতে হবে?**

  [অংশগ্রহনকারীদেরকে চিন্তা করতে ও তাদের ভাবনাগুলো প্রকাশ করতে দিন। অংশগ্রহনকারীদের বুঝতে হবে পাচারকারীরা নিকট আত্নীয়, বন্ধু, পরিবারের সদস্য অথবা যে কোন কেউ হতে পারে । যে কোন বয়সের এবং লিঙ্গের যে কেউ মানব পাচারের শিকার হতে পারে। আমাদের নিজেদেরকে নিরাপদ রাখতে হলে ভালোভাবে যাচাই বাচাই ছাড়া কোন অফার গ্রহন করা উচিত নয়। যে কোন ধরনের সন্দেহজনক অফার আসলে অথবা কোন অপরিচিত ব্যক্তি কমিউনিটিতে আসলে, সাইট ম্যানেজমেন্ট কর্তৃপক্ষ অথবা সুরক্ষা কর্মীদের, ধর্মীয় নেতাদের এবং এলাকার নেতাদের যেখানে যেমন

প্রযোজ্য সেভাবে তাদেরকে অবহিত করুন। কোন মানব পাচারের ঘটনা ঘটলে ক্ষতি কমাতে এবং ভিকটিমের নিরাপদ ফেরত সুনিশ্চিত করতে এই তথ্যটি যথাযথ কর্তৃপক্ষকে তাৎক্ষনিকভাবে জানাতে হবে।]

- **যদি আমরা একে অপরকে অবজ্ঞা করি এবং সহায়তা না করি কি ঘটতে পারে?** [অংশগ্রহনকারীদেরকে চিন্তা করতে এবং তাদের ভাবনাগুলো প্রকাশ করতে দিন। তাদের প্রতি যেসমস্ত সাংঘাতিক অত্যাচারের ঘটনা ঘটেছিল এবং কি কি পরিনতি হতে পারে সেগুলো ব্যাখ্যা করুন।]

৭. সমাপ্তি ও রেফারেলের মাধ্যমে (১০ মিনিট):

- যদি কেউ আপনাকে কোন চাকুরীর অফার নিয়ে ক্যাম্পের বাহির থেকে অথবা কোন বিয়ের প্রস্তাব নিয়ে ক্যাম্পের বাহির থেকে আসে অথবা বিদেশে অথবা বাংলাদেশের কোন স্থানে (যেমন ঢাকা অথবা চট্টগ্রাম) চাকুরী দেওয়ার ক্ষেত্রে সহায়তা করতে চায় আপনি তখন আইওএম অথবা ইউএনএইচসিআর (সুরক্ষা প্রধান) অথবা অন্যান্য বেসরকারী সংস্থা যারা সুরক্ষা বিষয়ে ক্যাম্পে এবং হোস্ট কমিউনিটিতে কাজ করে তাদেরকে জানান।
- আপনার শিশুকে কোন অপরিচিত কেউ অথবা কোন নিকট আত্মীয়, যদি কোন গৃহকর্মী হিসেবে অথবা অন্য কোন কাজের ব্যবস্থা করে দেওয়ার কথা বলে, আপনি কখন-ই আপনার শিশুকে কাজে পাঠাবেন না কারণ এই ধরনের কাজের ক্ষেত্রে শোষণের ঝুঁকি অত্যন্ত বেশি।
- কোন কাজের অফার গ্রহনের পূর্বে অন্তত: দুইবার চিন্তা করবেন, সম্ভাব্য ঝুঁকি এবং পরিনতি সমূহ নিয়ে চিন্তা করবেন, আপনার আত্নীয় এবং প্রতিবেশির সাথে বিষয়টি আলোচনা এবং পরামর্শ করে নিন।
- আপনার পরিবারের কেউ যদি হারিয়ে যায়, তখন আপনি বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির দুটো নাম্বার ০১৮৭১১৮৮৯০৬ এবং ০১৮৬৫৯৯১৬০৩ কল করতে পারেন। অথবা আপনি ক্যাম্পের/হোস্ট কমিউনিটির সুরক্ষা প্রধানের কাছেও মিসিং রিপোর্ট করতে পারেন।

- আপনার কমিউনিটিতে মানব পাচারের ঝুঁকিতে আছে এমন কেউ কি আছে? এ বিষয়ে সেশনের পর সহায়ককারীর সাথে একা শেয়ার করতে বলুন।
- যে সমস্ত সেবাসমূহ আপনার কমিউনিটিতে আছে যেমন মৌলিক প্রয়োজন/ডিগনিটি কিট /নিরাপদ স্থান/শেল্টার স্বাস্থ্য সেবা, কাউন্সিলিং, আইনি সহায়তা এবং জীবন জীবিকা (যদি প্রয়োজন হয়) সে সম্বন্ধে কথা বলুন।যদি তাদের কাছে কোন কিছু সন্দেহজনক মনে হয়, তাহলে আইওএম অথবা ইউএনএইচসিআর এর নিরাপদ স্থানে রেফার করা যেতে পারে অথবা আইওএম এর ০১৮৭২৭৪১৮০১ অথবা ইউএনএইচসিআর এর ১৬৬৭০ হট লাইন নাম্বারে কল করতে পারেন।
- আইওএম কর্তৃক প্রদর্শিত ভিডিও এনিমেশনে অংশগ্রহন করার জন্য অংশগ্রহনকারীদেরকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাবেন।
- Satisfaction Survey tools ব্যবহার করবেন (যদি প্রয়োজন হয়)।